57

দৈনিক খবর

তারিখ ... 13 SEP 1989
পৃষ্ঠা ... 9 ... কলাম ... 2

# অধিক মাদ্রাসা প্রতিষ্ঠা ধর্মীয় শিক্ষার পথকে সুগম করবে ঃ আজাদ

ধর্ম প্রতিমন্ত্রী এম নাজিমউদ্দিন আল-আজাদ বলেছেন, বেসরকারী উদ্যোগে অধিক সংখ্যক মাদ্রাসা প্রতিষ্ঠা ধর্মীয় শিক্ষা বিস্তারের পথকে আরো সুগম করবে।

প্রতিমন্ত্রী সোমবার ঢাকার অদূরে ডগাইর দারুসুন্নাত দাখিল মাদ্রাসার ভিত্তিপ্রস্তর স্থাপন অনুষ্ঠানে বক্তৃতাকালে এ অভিমত প্রকাশ করেন। তথ্য বিবরণী।

ধর্মীয় শিক্ষার প্রতি গুরুত্ব আরোপ করে জনাব আজাদ বলেন, এই শিক্ষা মানুষের মনকে কলুষমুক্ত করে যাবতীয় পাচার থেকে দূরে থাকতে সাহায্য করে।

প্রতিমন্ত্রী বলেন, আর কেবলমাত্র একজন নিষ্কলুষ, দৃঢ় নৈতিক চরিত্রের অধিকারী নেতার নেতৃত্বেই সম্ভব একটি দেশ ও জাতিকে তাঁর ঈপ্সিত লক্ষ্যে এগিয়ে নিয়ে যাওয়া এবং মাদ্রাসা হচ্ছে সেই কাঙ্খিত নেতৃত্ব তৈয়ারীর কারখানা।

তিনি বলেন, এ লক্ষ্যে আমাদের সৎ এবং যোগ্য নাগরিক তৈরীর জন্য সমন্বিত প্রয়াস গ্রহণ করতে হবে।

জনাব আজাদ বলেন, রাষ্ট্রপতি এরশাদের নেতৃত্বে বর্তমান সরকার দেশের ক্রমবর্ধমান চাহিদার সংগে সংগতি রেখে যুগোপযোগী শিক্ষা পদ্ধতি প্রবর্তনের লক্ষ্যে ইতোমধ্যেই কতিপয় গুরুত্বপূর্ণ পদক্ষেপ গ্রহণ করেছেন।

তিনি সরকারের ঐ সকল পদক্ষেপসমূহের যথাযথ বাস্তবায়নে সর্বস্তরের জনগণের সর্বাত্মক সহযোগিতা কামনা করেন।

অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে স্থানীয় সংসদ সদস্য সৈয়দ আবু হোসেন বাবলা বক্তৃতাকরেন।